

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

উন্নয়ন অনুবিভাগ

নং- অম/অবি/উ:-১/বিবিধ-৪৬/৯৫/৫৮২

তারিখ :- ০৮/০৪/২০০২ ইং

উন্নয়ন প্রকল্পে অর্থ অবমুক্তির ক্ষেত্রে বর্তমানে প্রচলিত পদ্ধতি অনুযায়ী প্রতি আর্থিক বৎসরের এডিপি/বাজেট ব্যয়ের মোট বরাদ্দ সাধারণ নিয়মে চার কিস্তিতে ভাগ করে অবমুক্ত করা হয়ে থাকে। কিন্তু অর্থ অবমুক্তি এবং ব্যয়ের ক্ষেত্রে এমন একটি সংস্কৃতি গড়ে উঠেছে যে দেখা যায়, অর্থ বছরের উল্লেখযোগ্য সময় অতিক্রান্ত হলেও অর্থ অবমুক্তির উদ্যোগ নেয়া হয় না। অনেক ক্ষেত্রে অর্থ বছরের শেষ মাসে, শেষ সপ্তাহে, এমন কি শেষ কার্যদিবসে অর্থ অবমুক্ত করা হয়। অর্থ অবমুক্তির এই অসময়ানুবর্তিতা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নসূচীর সাথে অসামঞ্জস্যপূর্ণ এবং এর ফলে অর্থ ব্যয়ের ক্ষেত্রে অর্থ বিধি অনুসরণে অনিয়ম, অপব্যয় এবং অপব্যবহারের সম্ভাবনা থাকে। বার্ষিক উন্নয়ন কর্মসূচী/উন্নয়ন বাজেটের বরাদ্দের তামাদি এড়ানোর লক্ষ্যে অর্থ বছরের শেষ প্রান্তে ক্ষেত্র বিশেষে অর্থ অবমুক্তি এবং তড়িঘড়ি করে সাধারণত: সেই অর্থ ব্যয়ের উদ্যোগ নেয়া হয়। এর ফলে উন্নয়ন প্রকল্পের উদ্দেশ্য/কর্মসূচীভিত্তিক বাস্তবায়ন ব্যাহত হয়। অধিকন্তু অর্থ বছরের মধ্যে অবমুক্ত অর্থ হতে কোন অর্থ অব্যয়িত থাকলে অর্থ বছরের শেষ কার্যদিবসে বা এর পূর্বে তা সরকারী খাতে সমর্পন/কোষাগারে ফেরত প্রদানের বিধানটিও অধিকাংশ ক্ষেত্রে অনুসৃত হয় না। লক্ষ্য করা গিয়েছে, অর্থ বছর সমাপ্তির পর অবমুক্ত অর্থ অব্যয়িত রেখে সরকারী কোষাগারে জমা না দিয়ে পরবর্তী অর্থ বছরে সে অর্থ ব্যয় করা হচ্ছে, যা আর্থিক শৃংখলার পরিপন্থী।

২। উন্নয়ন বাজেটে আর্থিক শৃংখলা নিশ্চিত করার লক্ষ্যে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে যা উন্নয়ন বাজেটের সকল ক্ষেত্রে প্রযোজ্য হবে :

- (১) ৩০ জুন এর মধ্যে যে অর্থ ব্যয় করা সম্ভব হবে না সে অর্থ অবমুক্তির প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা যাবে না:
- (২) অর্থ বছরের শেষে অবমুক্ত কোন অর্থ অব্যয়িত থাকলে তা সরকারী খাতে সমর্পন/কোষাগারে জমা দিয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রতিবেদন ও চালানের কপি, ব্যাংক হিসাবের বিবরণীসহ পরবর্তী অর্থ বছরের জুলাই মাসের মধ্যে অর্থ বিভাগের উন্নয়ন অনুবিভাগে দাখিল করতে হবে।
- (৩) অর্থ বিভাগ থেকে অর্থ ছাড়ে সম্মতি দানের ক্ষেত্রে কোন শর্ত আরোপ করা হলে জি,ও তে তা যথাযথভাবে প্রতিফলিত না করা হলে জি,ও, পৃষ্ঠাংকনের জন্য উহা অর্থ বিভাগ কর্তৃক গ্রহণ করা হবে না।

স্বা/-

(মোহাম্মদ আবদুল মজিদ)

উপ-সচিব(উন্নয়ন-১)

বিতরণ :-

১। সচিব.....মন্ত্রণালয়/বিভাগ।

২। হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,

.....(সকল).....মন্ত্রণালয়/বিভাগ।

৪। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।